

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৬১.১৮- ২৪১৬

তারিখঃ

২৪ পৌষ, ১৪২৫
২৪ ডিসেম্বর, ২০১৮

বিষয় : রীট পিটিশন নং ১২০৯২/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলার হরিণসিং রেজিঃ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের (বর্তমানে জাতীয়করণকৃত) এর সহকারি শিক্ষক জনাব মোঃ সাদেক আলী সহ মোট ০২(দুই) জন শিক্ষক প্রধান শিক্ষক হিসেবে জাতীয়করণসহ অন্যান্য সুযোগ সুবিধার দাবীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১২০৯২/২০১৮ দায়ের করেছেন। রীট পিটিশনটিতে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৪নং, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুরকে ৫নং রেসপনডেন্টসহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে। মহামান্য আদালত ২৩.১০.২০১৮ তারিখে রেসপনডেন্টদের প্রতি রুল নিশি ইস্যু সহ নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Subject to the disposal of the Rule, the parties are directed to maintain status-quo in respect of the petitioners as Headmaster of their respective nationalized primary schools for a period of 06(six) months from dated.

২। উক্ত আদেশের বিরুদ্ধে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উক্ত আদেশের সার্টিফাইড কপি প্রয়োজন। তাছাড়া রীট পিটিশনটির দফাওয়ারী ইংরেজী জবাব ও সরকার পক্ষের রেকর্ডপত্র মহামান্য আদালতে দাখিল করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, রীট পিটিশন নং ১২০৯২/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১২০৯২/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, ০৩ (তিন) প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), ০৩ (তিন) প্রস্থ।
- (৩) আদেশের সার্টিফাইড কপি।
- (৪) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) প্রেরিত ক্ষমতাপর্শনে স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৬) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, ০৩ (তিন) প্রস্থ।
- (৭) প্রতিটি রেকর্ড স্পষ্ট হওয়া প্রয়োজন।

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি, ১। রুলের কপি।

২। ওকালতনামা ০২(দুই) খানা।

৩। ক্ষমতাপর্শণ ০২ (দুই) খানা।



(মুহাম্মদ রকিবুল বসিলাম তালুকদার)

সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

রংপুর।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৪৬১.১৮- ২৪২৫/২

তারিখঃ

২৪ পৌষ, ১৪২৫
২৪ ডিসেম্বর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রংপুর বিভাগ, রংপুর। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।



(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)

সহঃ পরিচালক (আইন)।